গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চট্টগ্রাম
(আইসিটি শাখা)
www.chittagong.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪২.১৫০০.৬০২.৭০.০০০.২০- ৯২৯

তারিখঃ ২৫ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ / ০৯ আগস্ট ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জেলাভিত্তিক শিল্প প্রতিষ্ঠান, দক্ষতা উন্নয়নমূলক প্রতিষ্ঠান ও বেকার যুবকদের মধ্যে ম্যাচমেকিং কর্মশালা আয়োজনের পূর্বে জাতীয় দক্ষতা বাতায়ন-এ নিবন্ধন প্রসঙ্গে।

সূত্রঃ এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম এর স্মারক নং-৫৬.৪২.০০০০.০১৮.২৫.০০১.২০.২ তারিখ: ২৬/০৭/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালা ২০১১" ও "জাতীয় যুব নীতিমালা ২০১৭" এর আলোকে এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রামের সহায়তায় চট্টগ্রাম জেলা প্রশাসন "বেকারমুক্ত জেলা" এর উদ্যোগ গ্রহণ করেছে। এই উদ্যোগের আওতায় চট্টগ্রাম জেলার আওতাধীন সরকারি-বেসরকারি দক্ষতা উন্নয়নমূলক প্রতিষ্ঠান, শিল্প প্রতিষ্ঠান ও বেকার যুবকদের সমন্বয়ে সুবিধাজনক সময়ে অনলাইনে ম্যাচমেকিং কর্মশালা আয়োজন করা হবে। উক্ত কর্মশালা আয়োজনের পূর্বে জাতীয় দক্ষতা বাতায়নে এ জাতীয় বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য বিশ্ববিদ্যালয়-এর গ্র্যাজুয়েটদের নিবন্ধন আবশ্যক।

এমতাবস্থায় ,বর্ণিত কর্মশালায় কর্মশালা আয়োজনের পূর্বে জাতীয় দক্ষতা বাতায়ন (www.skills.gov.bd) এ আগামী ২০ আগস্ট, ২০২০ খ্রি. তারিখের মধ্যে তাঁর উপজেলার আওতাধীন জাতীয় বিশ্ববিদ্যালয়-এর গ্র্যাজুয়েটদের নিবন্ধন সম্পন্নকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৯/০৮/২০২০
এ. জেড. এম. শরীফ হোসেন
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
চট্টগ্রাম
ফোন: ০৩১-৬২০৭৯৯
মোবাইল নম্বর : ০১৭৩৩৩৩৪৩২১
ই-মেইল: adcictchittagong@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার (সকল)
....., চট্টগ্রাম

অনুলিপি : অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-
০১। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), চট্টগ্রাম
০২। স্টাফ অফিসার টু ডিসি, চট্টগ্রাম (জেলা প্রশাসক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)